মেহেরপুরে ডিলাক্স কাউন্টারের সামনে তল্লাশির নামে হয়রানি

মেহেরপুর-চুয়াডাঙ্গা ডিলাক্স কাউন্টারের সামনে অযথা হয়রানির গুরুতর অভিযোগ উঠেছে পুলিশ পরিচয়ের এক ব্যক্তির বিরুদ্ধে।

ভুক্তভোগী ঢাকা থেকে প্রকাশিত জাতীয় পত্রিকা দৈনিক জবাবদিহির সম্পাদক তার বাড়ীর কেয়ারটেকার মো: রাজিব। ভুক্তভোগী তার মেহেরপুরের বাড়ী থেকে কর্মস্থল ঢাকায় ফেরার পথে গত সোমবার রাতে ৯:৪০ এর সময়ে এ ঘটনা ঘটে।

সম্পাদকের ব্যাগ গাড়িতে তোলার সময় পুলিশ পরিচয়ে এক ব্যক্তি রাজিবের কলার চেপে ধরে ব্যাগ চেক করার নাম করে গাড়ী থেকে দূরে সরানোর চেষ্টা করেন।

এসময় রাজিব বলেন আমার কলার ছাড়েন ব্যাগ চেক করেন। এসময় ধ্বস্তাধ্বস্তির একপর্যায়ে অনেক লোক জড়ো হয় এসময় সম্পাদক টিকেট নিয়ে গাড়ীর কাছে এসে ধ্বস্তাধ্বস্তি করতে দেখলে বলেন, আপনি আমার ব্যাগ চেক করলে এখানে করেন আড়ালে কেন নিবেন।

একথা বললে ঔ ব্যক্তি বলেন আপনি কে? অতঃপর সম্পাদক তার পরিচয় দেন এবং ঐ ব্যক্তির পরিচয়পত্র দেখতে চাইলে তিনি প্রথমে বাসার কথা বললেও পরে বলেন আপনি এসপি সাহেবের সাথে কথা বলেন। তার আচরণে উপস্থিত যাত্রীদের মধ্যে ব্যাপক সন্দেহের সৃষ্টি হয়। আসলে তিনি আদৌ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের লোক বা পুলিশের সদস্য কিনা তা আর জানা যায়নি। এসময় ইউনিফর্মধারী এক পুলিশও তার পরিচয় জানতে চান।

তাকেও তখন ওই ব্যক্তি জানান তার পরিচয়পত্র বাসায় রেখে আসছেন। তখন গাড়ীতে ওঠার সময় ছবি তোলার সময় শুনতে পায় ঐ ব্যক্তি রাজিবকে শাসিয়ে বলেন, “তুই কি করে মেহেরপুরে থাকিস দেখে নেব। এক মাঘে শীত যায়না।”

খোঁজ নিয়ে জানা গেছে তল্লাশি করা ঐ ব্যক্তি মেহেরপুর মাদকদ্রব্য নিয়ন্ত্রণের অধিদপ্তরের পরিদর্শক বিদ্যুৎ বিহারী।
তার সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন,

রাজিব চিহ্নিত মাদক মামলার আসামি। তার বিরুদ্ধে অনেক মামলা রয়েছে। ব্যাগ নিয়ে তার সন্দেহ জনক আচরণের কারণে তার ব্যাগ সার্চ করতে যায়। পরে জানতে পারি ওটা সম্পাদক সাহেবের ব্যাগ। জানার পরে আমি ছেড়ে দিই।

এছাড়া তিনি যে অভিযোগ করেছেন সেটা জাস্ট ভুল বুঝাবুঝি।

মেহেরপুরে জেলা বিএনপির সাধারণ সম্পাদক কামরুল হাসানের গণসংযোগ

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের ৬ ও ৭নং ওয়ার্ডে বিএনপির ৩১ দফা দাবি প্রচারে গণসংযোগ ও লিফলেট বিতরণ করেন বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

গতকাল মঙ্গলবার বিকেলে বারাকপুর ও রাধাকান্তপুর গ্রামে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়।

এ সময় তিনি এলাকাবাসীর হাতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট তুলে দেন এবং স্থানীয়দের সঙ্গে মতবিনিময় করেন।

গণসংযোগ কর্মসূচিতে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা অংশ নেন।

তাদের মধ্যে ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, পৌর বিএনপি’র সভাপতি আব্দুল লতিফ,সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হক মিন্টু,জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, বুড়িপোতা ইউনিয়ন বিএনপি’র সভাপতি নাসির উদ্দিন,সাধারণ সম্পাদক ফরিদ উদ্দিন আমদহ ইউনিয়ন বিএনপির সভাপতি ইলিয়াস হোসেন, সাধারণ সম্পাদক সাব্বির

হোসেন,৭নং ওয়ার্ডের সভাপতি আমিরুল ইসলাম, সাধারণ সম্পাদক শাহজাহান ও ৬নং ওয়ার্ডের সভাপতি আব্দুল খালেক, সাধারণ সম্পাদক বুলবুল আহমেদ, বিএনপি নেতা নাহিদ, আয়নাল হক,মাসুদ রানা সহ স্থানীয় বিএনপি ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের মোমিনপুরে মাঠ দিবস অনুষ্ঠিত

মেহেরপুর সদরের মোমিনপুরে যশোর অঞ্চলের টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকেল সাড়ে ৫টায় মোমিনপুর কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে এ মাঠ দিবস অনুষ্ঠিত হয়। মাঠ দিবসে গ্রীষ্মকালীন সিম উৎপাদনে কৃষকদের উদ্বুদ্ধকরণ, অতিরিক্ত জৈব সার ব্যবহার থেকে বিরত থেকে অজৈব সার ব্যবহারের গুরুত্ব, বিঘা প্রতি উৎপাদন ব্যয় ও লভ্যাংশ ইত্যাদি বিষয়ে উপস্থিত কৃষকদের মাঝে আলোচনা করা হয়।

ইউপি সদস্য কামরুজ্জামান মুকুলের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক সঞ্জীব মৃধা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মনিরুজ্জামান ও অতিরিক্ত কৃষি কর্মকর্তা রাজিবুল হাসান।

অনুষ্ঠান সঞ্চালনা করেন উপ-সহকারী কৃষি কর্মকর্তা এস. এম. কুতুব উদ্দিন। শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন সাংবাদিক এস. আই. বাবু।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মঙ্গলবার সকালে আমদহ ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে বিভিন্ন প্রজাতির বনজ ও ফলজ গাছের চারা বিতরণ করেন সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম।

এ সময় তিনি বলেন, একটি গাছ সকলের প্রিয় বন্ধু। গাছ যেমন পরিবেশ রক্ষা করে, তেমনি দুর্দিনে বন্ধুর মতো পাশে দাঁড়ায়। তাই গাছ লাগান, পরিবেশ বাঁচান।

এছাড়াও এসময় আমদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান রওশন আলী টোকন, প্রশাসনিক কর্মকর্তা সালমা পারভীন, ইউপি সদস্য আক্কাস আলী প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে শারদীয় দুর্গোৎসব উপলক্ষে গ্রাম পুলিশদের নির্দেশনা প্রদান

মেহেরপুরে শারদীয় দুর্গা উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষে নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে গ্রাম পুলিশদের বিভিন্ন নির্দেশনা প্রদান করা হয়েছে।

আজ মঙ্গলবার দুপুরে মেহেরপুর সদর উপজেলার হল রুমে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম অনুষ্ঠানে উপস্থিত থেকে গ্রাম পুলিশদের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ নির্দেশনা প্রদান করেন।

গাংনীতে মুদি দোকানের সামনে থেকে দুটি বোমা উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের চরগোয়াল গ্রামে দুটি বোমা উদ্ধার করেছে পুলিশ। আজ সোমবার সকাল ৬টার দিকে গ্রামের ক্লাববাজার সংলগ্ন রহিদুল সুপার মার্কেটের কামরুজ্জামান লিপুর মুদি দোকানের সামনে থেকে লাল রঙের বোমা দুটি উদ্ধার করা হয়। বিষয়টি নিশ্চিত করেছেন কুমারীডাঙ্গা পুলিশ ক্যাম্পের দায়িত্বপ্রাপ্ত এসআই কামরুজ্জামান।

পুলিশ জানায়, সকালে দোকানের সামনে ঝাড়ু দিতে গিয়ে লিপুর স্ত্রী লাল রঙের দুটি বোমা দেখতে পান। পরে তিনি মোবাইল ফোনে পুলিশকে খবর দিলে পুলিশ এসে বোমা দুটি উদ্ধার করে পানি ভর্তি বালতিতে ডুবিয়ে রাখে।

এ ঘটনায় এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে। স্থানীয়রা জানান, প্রায় এক মাস আগে একই গ্রামের একটি দোকানের সামনে দুর্বৃত্তরা বোমা রেখে গিয়েছিল।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরাইল বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায় এবং উদ্ধারকৃত বোমা পানিতে রাখা হয়েছে।

মেহেরপুর সরকারি কলেজে ইসলামী ছাত্রশিবিরের ফ্রি মেডিকেল ক্যাম্প

বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির মেহেরপুর সরকারি কলেজ শাখার উদ্যোগে দিনব্যাপী ফ্রি মেডিকেল ক্যাম্প ২০২৫ অনুষ্ঠিত হয়েছে।

গত শনিবার অনুষ্ঠিত এ ক্যাম্পে গাইনী বিশেষজ্ঞ ডা. আব্দুস সালাম, ডা. মিজানুর রহমান এবং ডেন্টিস্ট ডা. আবুল বাশার রোগীদের

চিকিৎসা সেবা প্রদান করেন।

এছাড়া বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয় ও ডায়াবেটিস পরীক্ষার সুবিধা রাখা হয়।

ক্যাম্পের উদ্বোধনী অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির মেহেরপুর জেলা শাখার সভাপতি আব্দুস সালাম, জেলা সেক্রেটারি সাইদুর ইসলাম, মেহেরপুর সরকারি কলেজ শাখার সভাপতি মো. কামরুল ইসলাম নাহিদ, সেক্রেটারি সুলাইমান আহমেদ বাপ্পীসহ অন্যান্য নেতৃবৃন্দ।

গাংনীতে পুলিশের অভিযানে গ্রেফতার ৪

মেহেরপুরের গাংনীতে পুলিশের ২৪ ঘণ্টার বিশেষ অভিযানে ৪ জন আসামিকে গ্রেফতার করা হয়েছে।

গতকাল রবিবার রাত থেকে আজ সোমবার ভোর পর্যন্ত গাংনী থানা পুলিশ এ অভিযান পরিচালনা করে তাদের গ্রেফতার করে।

গ্রেফতারকৃতরা হলেন, গাংনী উপজেলার হিজলবাড়ীয়ার আহম্মদ আলীর ছেলে মোঃ সোহাগ হোসেন (৩১), গাড়াডোব পোড়াপাড়ার হাজিম উদ্দিনের ছেলে ফয়সাল জাহান শিশির (৩২), ২◌ং ওয়ার্ড শিশির পাড়ার মৃত জাহাঙ্গীর হোসেনের ছেলে মোঃ আল-ইমরান (২০), খাসমহলের মোঃ জিল্লুর রহমানের মোঃ রাসেল হোসেন (২৩)।

গ্রেফতারকৃতদের বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।
আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং বিভিন্ন অপরাধের অপরাধীদের গ্রেফতার করতে এ ধরনের বিশেষ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।